## যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : জনাব আনজুমান আরা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সাতকানিয়া, চট্টগ্রাম।

সভার তারিখ : ২৩/১০/২০২১ খ্রি.

সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ , সাতকানিয়া, চট্টগ্রাম।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভা পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা , সাতকানিয়া, চট্টগ্রামকে অনুরোধ করা হয়। তিনি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা, কার্যক্রম ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ তানবীরুল হক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সাতকানিয়া সভায় জানান তাঁর দপ্তরের প্রশিক্ষণ ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের জন্য প্রধান কার্যালয় কর্তৃক ৪৫০ জন যুবক যুবতীকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দেওয়া হবে। ১৪টি ইউনিয়ন পরিষদে ইউ,পি চেয়ারম্যানগণের সাথে আলোচনাক্রমে ১৪টি ব্যাচে বেকার যুব ও যুব মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ পরবর্তী তাদেরকে সরকারী সনদ প্রদান করা হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে প্রকল্প গ্রহনের জন্য যুব ঋণ প্রদান করা হবে। ২০২১-২০২২ অর্থ বছরে ১৬,৩০,০০০/- (ষোল লক্ষ ত্রিশ হাজার) টাকা ঋণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অসহায় ও দুস্থ পরিবারের বেকার যুবক যুবতীদের প্রশিক্ষণের আওতায় আনায়ন এবং ঋণ বিতরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সাতকানিয়া অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সাতকানিয়া |
| ০২ | জনাব আকতার হোসেন, চেয়ারম্যান, খাগরিয়া ইউ,পি সভায় জানান তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। দক্ষ জনশক্তি গড়তে প্রশিক্ষণের বিকল্প নাই। বর্তমানে চাকুরী খুবই সীমিত। তাই যুবক ও যুব মহিলাদের প্রাতিষ্ঠানিক জ্ঞানের পাশাপাশি কর্মমূখী শিক্ষার ব্যবস্থা করা হলে দেশে বেকার সমস্যা লাঘব হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, নতুন উদ্ভাবনী প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে বেকার জনশক্তিকে কাজে লাগাতে হবে। এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সাতকানিয়া অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সাতকানিয়া |



CamScanner

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং বিভাগীয় কর্মকর্তাগণকে আন্তরিকতা জবাবদিহিতার সহিত সাথে দায়িত্ব পালন করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

জনাব আনজুমান আরা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটি
সাতকানিয়া, চট্টগ্রাম

তারিখ ঃ ২৩/১০/২০২১ খ্রি.

স্মারক নংঃ ০০.৫১৭.০০০.০০.২৯.০০২.২০২১- ১৫৭

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।
০১। চেয়ারম্যান , উপজেলা পরিষদ, সাতকানিয়া,চট্রগাম।
০২। উপজেলা নির্বাহী অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম
০৩। উপজেলা ..............................কর্মকর্তা , সাতকানিয়া, চট্টগ্রাম।
০৪। চেয়ারম্যান............................ইউ,পি, সাতকানিয়া, চট্টগ্রাম।
০৫। অফিস নথি ।

তানবীরুল হক
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
সাতকানিয়া ,চট্টগ্রাম

CamScanner

## যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : জনাব আনজুমান আরা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সাতকানিয়া, চট্টগ্রাম।

সভার তারিখ : ২১/০২/২০২২ খ্রি.

সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ , সাতকানিয়া, চট্টগ্রাম।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভা পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা , সাতকানিয়া, চট্টগ্রামকে অনুরোধ করা হয়। তিনি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা, কার্যক্রম ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ তানবীরুল হক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সাতকানিয়া সভায় জানান তাঁর দপ্তরের প্রশিক্ষণ ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তার দপ্তরে ০৩টি সুপারভাইজারের পদ থাকলেও ০২টি পদ খালি রয়েছে। ফলে জনবল সংকটের কারণে নিয়মিত কার্যক্রম পরিচালনা ব্যহত হচ্ছে। তাই জনবল নিয়োগের জন্য সহযোগিতা কামনা করেন। তিনি আরও বলেন তার অফিসে বাথরুম না থাকায় কর্মপরিবেশের ব্যঘাত সৃষ্টি হচ্ছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, জনবল নিয়োগের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সাতকানিয়াকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। শীঘ্রই উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবনে শিফট হলে অফিসের কক্ষ সংকট কমে যাবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সাতকানিয়া |
| | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সাতকানিয়া সভায় আরও জানান তার দপ্তর দক্ষ জনশক্তি রূপান্তরে বেকার যুবক ও যুব মহিলাদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রতি ব্যাচে ৩০ জন করে মোট ৪২০ জন বেকার যুব ও যুব মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হবে। বাজেট প্রাপ্তি স্বাপেক্ষে প্রশিক্ষণ কার্যক্রম আরম্ভ করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, বেকার যুবক ও যুব মহিলাদের তালিকা প্রস্তুত করে অগ্রাধিকার ভিত্তিতে কর্মমুখী প্রশিক্ষণ আয়োজন করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সাতকানিয়াকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সাতকানিয়া |
| ০২ | জনাব নজরুল ইসলাম মানিক, চেয়ারম্যান, এওচিয়া ইউ,পি সভায় জানান তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ছাত্র-ছাত্রীদের জ্ঞান বিকাশের জন্য খেলাধুলা খুবই অপরিহার্য ভূমিকা পালন করে। সাতকানিয়ার স্টেডিয়ামটি সংস্কার করা জরুরি হয়ে পড়েছে । তাই স্টেডিয়াম সংস্কার জন্য তিনি সুপারিশ করেন এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রীর জন্য প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, ক্রীড়া খাতে প্রয়োজনীয় বরাদ্দ চেয়ে উপজেলা পরিষদ কার্যালয়ে প্রস্তাবনা প্রেরণ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সাতকানিয়াকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সাতকানিয়া |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | বিনোদনের মাধ্যম হিসাবে ক্রীড়ার প্রসারণ ঘটাতে পারলে দেশের যুব সমাজ থেকে মাদকাসক্ত নিয়ন্ত্রণ হবে। | | |



সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং বিভাগীয় কর্মকর্তাগণকে আন্তরিকতা ও জবাবদিহিতার সহিত সাথে দায়িত্ব পালন করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

জনাব আনজুমান আরা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটি
সাতকানিয়া, চট্টগ্রাম

স্মারক নংঃ ০০.৫১৭.০০০.০০.২৯.০০২.২০২২-১৪৩

তারিখ ঃ ২১/০২/২০২২ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

০১। চেয়ারম্যান , উপজেলা পরিষদ, সাতকানিয়া,চট্রগাম।
০২। উপজেলা নির্বাহী অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম
০৩। উপজেলা ..............................কর্মকর্তা , সাতকানিয়া, চট্টগ্রাম।
০৪। চেয়ারম্যান.............................ইউ,পি, সাতকানিয়া, চট্টগ্রাম।
০৫। অফিস নথি ।

তানবীরুল হক
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
সাতকানিয়া,চট্টগ্রাম

CamScanner